IN THE SUPREME COURT OF BANGADESH
HIGH COURT DIVISION DHAKA
(Criminal Miscellaneous Jurisdiction)
Dated : 01.12.2020
Present:
জনাব বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন
এবং
জনাব বিচারপতি কে. এম. জাহিদ সারওয়ার

BAIL CONFIRMATION
Web Ref No.
2 0 2 0 0 _ _ _
Visit: bail.supremcourt.gov.b

**Criminal Miscellaneous Case No. 32946 of 2020** (Arising out of C. R. Case No.116 of 2020, now pending in the Court of learned Chief Judicial Magistrate, Chattogram).

1. Khalilur Rahman Talukder @ Sumon, son of late Ahmed Miah Talukder and Majuna Khatun of Village-Bogabili, 03 number Ward, Police Station-Rangunia, District-Chattogram, 2. Mohammad Syed Karim, son of late Zakaria and Ambia of Village-Rajaghat, Police Station-Rangunia, District-Chattogram, 3. Mohammad Anowar Hossain, son of Abdul Sukkar and Sultana Begum of Village-Bogabili, 03 number Ward, Police Station-Rangunia, District-Chattogram ..........Accused-Petitioners.

-VERSUS -

The State, represented by the Deputy Commissioner, Chattogram..................Opposite party,
জনাব মোহাম্মদ জাহিদুল আলম চৌধুরী, এ্যাডভোকেট,

................................ অপরপক্ষ।

জনাব মোঃ মনিরুল ইসলাম, ডেপুটি এ্যাটর্নী জেনারেল সঙ্গে
মোঃ আজিজুল হক,
মিসেস জুলফিয়া আকতার, বেগম বদরুন নাহার, সহকারী অ্যাটর্নী জেনারেলগণ।

.................. রাষ্ট্র অপরপক্ষে।

০১.১২.২০২০

আদেশ

ইহা ফৌজদারী কার্যবিধির ৪৯৮ ধারার বিধান অনুযায়ী একটি আগাম জামিনের দরখাস্ত। যেখানে আসামী-দরখাস্তকারীগণ চট্টগ্রামের বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন দণ্ডবিধির ৪৬৫/৪৬৭/৪৬৮/৪৭১/৪২০/৫০৬/৩৪ ধারার অভিযোগে দায়েরকৃত সি. আর. নং-১১৬/২০২০ তাহাতে আগাম জামিনের প্রার্থনা করিয়াছেন।

আসামী-দরখাস্তকারীগণ অত্র আদালতে আত্মসমর্পন করিয়াছেন এবং বিজ্ঞ আইনজীবী তাহাকে সনাক্ত করিয়াছেন ।

আসামী-দরখাস্তকারীদের পক্ষের বিজ্ঞ আইনজীবীর বক্তব্য শ্রবণ এবং ফৌজদারী কার্যবিধির ৪৯৮ ধারার বিধানমতে দাখিলকৃত আগাম জামিনের আবেদনপত্র পর্যালোচনাসহ মূল্যায়ন করা হইল।

অন্যদিকে, রাষ্ট্র-অপরপক্ষে বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নী জেনারেল আসামী-দরখাস্তকারীদের আগাম জামিনের বিরোধীতা করেন।

আসামী-দরখাস্তকারীপক্ষের বিজ্ঞ আইনজীবীর নিবেদন ও নথির তথ্য-উপাত্ত বিবেচনায় আমাদের অভিমত, দরখাস্তকারীদেরকে সীমিত সময়ের জন্য আগাম জামিন মঞ্জুরপূর্বক দরখাস্তটি নিষ্পত্তি করিলে ন্যায়সঙ্গত হইবে।

এমতাবস্থায় আসামী-দরখাস্তকারীগণ ১. মোঃ খলিলুর রহমান তালুকদার ওরফে সুমন, পিতা-মৃত আহমদ মিয়া তালুকদার, ২. মোহাম্মদ সৈয়দ করিম, পিতা-মৃত জাকারিয়া, ৩. মোহাম্মদ আনোয়ার হোসেন, পিতা- আব্দুল শুক্করকে উপরোক্ত মামলায় চট্টগ্রামের বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সন্তুষ্টিতে উপযুক্ত জামিননামা দাখিলের শর্তে ০৮(আট) সপ্তাহের জন্য আগাম জামিন মঞ্জুর করা হইল।

বর্ণিত সময় অতিবাহিত হওয়ার পূর্বেও যদি দরখাস্তকারী জামিনের দরখাস্ত করেন তবে চট্টগ্রামের বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট গুনাগুণের ভিত্তিতে উক্ত জামিনের দরখাস্ত নিষ্পত্তি করিতে পারিবেন।

ইত্যবসরে দরখাস্তকারীগণ সংশ্লিস্ট কর্তৃপক্ষের আইনানুগ প্রত্যাশামতে সহযোগিতা করিবেন।

উপরোক্ত নির্দেশনার আলোকে অত্র দরখাস্তটি নিষ্পত্তি (Disposed of) করা হইল।
সংশ্লিষ্ট সকলকে আদেশের অনুলিপি প্রেরণের নির্দেশ দেওয়া হইল।

শেখ মোঃ জাকির হোসেন
কে. এম. জাহিদ সারওয়ার

Memo No. Crl. dated
Copy of the court's order dated 01.12.2020 forwarded to the
1. Chief Judicial Magistrate, Chattogram for information and necessary action .

By Order

(Md. Zakir Hossain Patwary)
Assistant Registrar
Phone -9588584
17 DEC 2020

Baschu:
17.12.2020

Examined by
17 DEC 2020

Superintendent
17 DEC 2020
মোঃ মিজানুর রহমান
সুপারিনটেনডেন্ট